কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা, ঢাকা
মনিটরিং বিভাগ
ওয়েবসাইট: www.badc.gov.bd

স্মারক নং ১২.০৬.০০০০.২২১.০৬.০০১.২৬-৬১৫ তারিখ: ২৭ জুলাই, ২০২৬

বিষয়: সমাপ্ত প্রকল্পের মালামালসহ রেকর্ডপত্রাদি হস্তান্তর।

সূত্র: ১. সমন্বয় বিভাগের স্মারক নং-১২.০৬.০০০০.০০০.২০৯.০৬.০০০১.২৩.৪; তারিখ: ০৩ ফেব্রুয়ারি, ২০২৬।
২. মনিটরিং বিভাগের স্মারক নং-১২.০৬.০০০০.০০০.২২১.০৬.০০১.২৬.৫৬; তারিখ: ২৩ ফেব্রুয়ারি, ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্র-১ এ বর্ণিত স্মারকের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭ জানুয়ারি, ২০২৬ তারিখে অনুষ্ঠিত বিএডিসি'র মাসিক সমন্বয় সভায় সমাপ্ত প্রকল্পের মালামালসহ রেকর্ডপত্রাদি প্রকল্প সমাপ্ত হওয়ার ০৪ মাসের মধ্যে নিম্নরূপে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | মালামালের বিবরণ | যে বিভাগে হস্তান্তরিত হবে |
|---|---|---|
| ১. | নথিপত্র, রেজিস্ট্রার ও আর্থিক বিষয়াদিসহ অন্যান্য ডকুমেন্ট | প্রকল্প-সংশ্লিষ্ট বিভাগ |
| ২. | যানবাহন ও আসবাবপত্র | সাধারণ পরিচর্যা বিভাগ |
| ৩. | কম্পিউটার, ইলেকট্রনিক সামগ্রী, ইত্যাদি | মনিটরিং বিভাগ |

০২. তৎপ্রেক্ষিতে সূত্র-২ এ বর্ণিত স্মারকে মনিটরিং বিভাগ হতে এতদসংক্রান্ত পরিপত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি ২০২৫-২৬ অর্থবছরে সমাপ্ত 'নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈলবীজ বর্ধন খামার আধুনিকীকরণ এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ' প্রকল্পের কোন কম্পিউটার, ইলেকট্রনিক সামগ্রী, ইত্যাদি মনিটরিং বিভাগে হস্তান্তরিত হয়নি।

০৩. এমতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরে বিএডিসি কর্তৃক সমাপ্ত 'নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈলবীজ বর্ধন খামার আধুনিকীকরণ এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ' প্রকল্পের কম্পিউটার, ইলেকট্রনিক সামগ্রী, ইত্যাদি আগামী ১০ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে মনিটরিং বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৭.৭.২৬
মো. আ. ছাত্তার গাজী
প্রধান (মনিটরিং), বিএডিসি
ফোনঃ ০২-২২৩৩৮০৯৪৯
ই-মেইল: monitoringbadc@gmail.com

বিতরণ:
সাবেক প্রকল্প পরিচালক, 'নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈলবীজ বর্ধন খামার আধুনিকীকরণ এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ প্রকল্প' ও মহাব্যবস্থাপক (সার), বিএডিসি।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা।
২. মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি।
৩. যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
৪. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।